রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**বুধবার, মে ৭, ২০২৫**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**অর্থ মন্ত্রণালয়**

**অভ্যন্তরীণ সম্পদ বিভাগ**

**(কাস্টমস)**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২৪ বৈশাখ, ১৪৩২ বঙ্গাব্দ/৭ মে, ২০২৫ খ্রিষ্টাব্দ

**এস. আর. ও. নং ১১৮-আইন/২০২৫/০৮-কাস্টমস।**—সরকার, কাস্টমস আইন, ২০২৩ (২০২৩ সনের ৫৭ নং আইন) এর ধারা ২৬৩, ধারা ১১৯ এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ডের সহিত পরামর্শক্রমে, ওয়্যারহাউসে পণ্য সংরক্ষণের মেয়াদ নির্ধারণ বিধিমালা, ২০২৪ এর নিম্নরূপ সংশোধন করিল, যথা:—

উপরিউক্ত বিধিমালার বিধি ৩ এর উপ-বিধি (২) এর—

(ক) দফা (গ) এর প্রান্তস্থিত "এবং" শব্দ বিলুপ্ত হইবে;

(খ) দফা (ঘ) এর প্রান্তস্থিত "।" চিহ্নের পরিবর্তে ";" চিহ্ন প্রতিস্থাপিত হইবে এবং অতঃপর নিম্নরূপ নূতন দফা (ঙ) ও (চ) সংযোজিত হইবে, যথা :—

"(ঙ) সেন্ট্রাল বন্ডেড ওয়্যারহাউস কর্তৃক আমদানিকৃত পণ্যের ওয়্যারহাউসে সংরক্ষণের মেয়াদ হইবে অনধিক ২৪ (চব্বিশ) মাস ;

(চ) ফ্রি জোন বণ্ডেড ওয়্যারহাউস কর্তৃক আমদানিকৃত পণ্যের ওয়্যারহাউসে সংরক্ষণের মেয়াদ হইবে অনধিক ২৪ (চব্বিশ) মাস।"।

২। এই প্রজ্ঞাপন অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ আবদুর রহমান খান** এফসিএমএ
সচিব
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
অর্থ মন্ত্রণালয়
ও
চেয়ারম্যান
জাতীয় রাজস্ব বোর্ড।

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd